ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-২০৪২</u>
বিলোনীয়া, ৩১ জুলাই, ২০২৫

**সাব্রুমে ৭৬তম মহকুমাভিত্তিক বনমহোৎসব অনুষ্ঠিত**

সাব্রুমের মনুবাজারস্থিত বসুন্ধরা বনচেতনা কেন্দ্রে গতকাল ৭৬তম মহকুমাভিত্তিক বনমহোৎসব অনুষ্ঠিত হয়। বন দপ্তরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাতচাঁদ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রভাস লোধ, সাব্রুম মহকুমার বন আধিকারিক কমল ভৌমিক, মনু বাজার গ্রামপঞ্চায়েতের উপ-প্রধান পার্থ চক্রবর্তী, ফরেষ্ট রেঞ্চ অফিসার খোকন দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে অতিথিগণ বিভিন্ন গাছের চারা রোপণ করেন। অনুষ্ঠানকে সফল করার লক্ষ্যে বন দপ্তরের পক্ষ থেকে মহকুমার বিভিন্ন স্থানে জলপাই, বকুল, তেঁতুল, চাঁপা প্রভৃতি প্রজাতির মোট ১৫০টি চারাগাছ রোপণ করা হয়।

*****